

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.১১০.২০১৭- ৯৮৯


তারিখ : ২৪/৪/১৭

বিষয়ঃ রীট পিটিশন নং-৩৭৬০/২০১৭ বাদী জনাব বদিউজ্জামান, পিতা- মোঃ আইয়ুবুল ইসলাম, গ্রাম-রামনগর, পোস্ট-জয়নগর বাজার, থানা- জামালগঞ্জ, জেলা-সুনামগঞ্জ -বনাম-সরকার ও অন্যান্য।

সুনামগঞ্জ জেলার জামালগঞ্জ উপজেলাধীন ভীমখালী বাজার ০৫ (পাঁচ) বৎসরের জন্য বাদীর অনুকূলে ইজারা প্রদানের দাবীতে রীট পিটিশন নং-৩৭৬০/২০১৭ দায়ের করা হয়েছে। মহামান্য আদালত রুল ইস্যুপূর্বক জবাব দাখিলের জন্য সচিব মহোদয়সহ বিবাদীগণকে নির্দেশ দিয়েছেন। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজীতে অনুচ্ছেদওয়ারী ঘটনার বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।

  
(মোহাম্মদ শফিকুল আরিফ)  
উপসচিব (আইন-১)  
ফোন-৯৫৪০৯৯৫।

জেলা প্রশাসক  
সুনামগঞ্জ।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিনিয়র সহকারী সচিব(প্রশাসন-২ শাখা) স্থানীয় সরকার বিভাগ। (দফাওয়ারী জবাব সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অফিস কপি।